

দ্যা হাইল্যান্ড কাউন্সিল কম্পিউটার এর ব্যবহার, ইন্টারনেট এবং ইলেক্ট্রনিক মেইল

ইন্টারনেট ব্যবহারের সুবিধা প্রদান করতে পেরে **হাইল্যান্ড কাউন্সিল** আনন্দিত। ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট অথবা ডাটাবেইজ ইত্যাদি প্রচলিত কার্যের উদ্দেশ্যে কম্পিউটার ব্যবহার করা যাবে। তবে ই-মেইল অথবা ইন্টারনেট ব্যবহার করতে চাইলে আপনাকে অবশ্যই এর সাথে সংযুক্ত ফরমটি সাক্ষর করতে হবে। এই ফরমে সাক্ষর করে আপনি সম্প্রতি প্রকাশ করে থাকবেন যে আপনি এই সম্পর্কিত সকল নির্দেশনা এবং নিয়মকানুন মেনে চলবেন। যাদের বয়স ১৬ বছরের নিচে তাদের ক্ষেত্রে পিতামাতা অথবা অভিভাবককে তাদের পক্ষে সাক্ষর করতে হবে।

নিরাপত্তা

ই-মেইল এবং ইন্টারনেটের মাধ্যমে আপনি অনেক লাইব্রেরী, মিউজিয়াম বা যাদুঘর ও আরো অনেক তথ্য সম্পর্কে জানতে পারবেন। এবং এর মাধ্যমে আপনি পৃথিবীর বিভিন্ন স্থানে ইন্টারনেট ব্যবহারকারীদের সাথে ব্যক্তিগত যোগাযোগ স্থাপন করতে পারবেন। আপনার জানা উচিত যে ইন্টারনেটে পাওয়া যায় এমন অনেক কিছু আছে যেগুলো বেআইনী, অপমানকর, ভুল, পর্নোগ্রাফিক, নীতিভঙ্গমূলক অথবা নোংরা বলে গণ্য হতে পারে। ছোটদের পিতামাতা বা অভিভাবকদের দায়িত্ব হলো এ সকল মিডিয়া এবং তথ্য সম্পদ ব্যবহার এর ক্ষেত্রে একটি নীতিমালা নির্ধারণ করা এবং ছেলেমেয়েদেরকে এই নির্ধারিত নীতিমালা সম্পর্কে অবহিত করা। আট বছরের ছোট ছেলেমেয়েদেরকে স্কুলে থাকাকালীন সময়ে কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে স্কুলের কর্তৃপক্ষকে তাদের দেখাশুনার ব্যবস্থা করা উচিত এবং অন্যান্য কাউন্সিল সুবিধা ব্যবহারের সময় পিতামাতা অথবা অন্য কোন অভিভাবকের পক্ষ থেকে একজনকে সাথে থাকতে হবে। পিপলস নেটওয়ার্ক সিস্টেম এর মাধ্যমে ইন্টারনেটের ব্যবহার ওয়েবসেস এর সাহায্যে মনিটর এবং নিয়ন্ত্রণ করা হয়। নির্দেশনার জন্য নিম্নলিখিত ব্যবহার বিধি দেখুন। কোন সাইট ভুল বসত ব্লক করা হয়েছে বলে আপনার মনে হলে আপনি কোন কর্মীর কাছে প্রবেশের অনুমতি চাইতে পারেন।

ব্যবহারের নীতিমালা

- নেটওয়ার্ক ব্যবহার আপনার অধিকার নয় বরং **সুবিধা**। এই প্রদত্ত সুবিধার অপব্যবহার করলে সেটা থেকে আপনাকে বঞ্চিত করা হতে পারে। কম্পিউটার এবং ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারী তার নিজস্ব কর্মের জন্য ব্যক্তিগতভাবে দায়বদ্ধ।
- ব্যক্তিস্বাধীনতা** - এই সুবিধা ব্যবস্থা দায়িত্বশীলভাবে ব্যবহার করা হচ্ছে কিনা সেটা নিশ্চিত করার জন্য নেটওয়ার্ক প্রশাসক আপনার বিনিময়/যোগাযোগ যাচাই/পরীক্ষা করতে পারেন।
- স্টোরেজ সীমা** - ব্যবহারকারীকে তার জন্য নির্ধারিত ডিস্ক স্পেস ব্যবহারের মধ্যে সীমিত থাকতে বলা হচ্ছে। প্রয়োজনবোধে ইমেইল অথবা অন্যান্য ম্যাটারিয়াল যেগুলো বেশী জায়গা দখল করে থাকে সেগুলো মুছে ফেলুন।

৪. **বেআইনীভাবে কপি করা** - ব্যবহারকারীর কম্পিউটার হার্ডডিস্ক অথবা নেটওয়ার্ক ড্রাইভ এ কমার্সিয়াল সফটওয়্যার, সেয়ারওয়্যার অথবা ফ্রীওয়্যার ডাউনলোড অথবা ইনস্টল করা উচিত না। অন্যের কাজ কপি করা অথবা অন্য কারো ফাইলে প্রবেশ করা যাবে না।

৫. **পাসওয়ার্ড অথবা পিন নম্বর এর অপব্যবহার করা** - পাসওয়ার্ড অথবা পিন নম্বর নিজের কাছে গোপন রাখা উচিত এবং অন্য কাউকে জানতে দেয়া উচিত নয়।

বাংলা (Bengali)

৬. **ইন্টারনেটের অনাকাঙ্ক্ষিত/অগ্রহণযোগ্য ব্যবহার** - ইন্টারনেট ব্যবহারের নীতিমালা ভঙ্গ করলে এই সুবিধা থেকে আপনাকে বঞ্চিত করা হতে পারে এবং এটা পুলিশকে জানানো যেতে পারে। ব্যবহারকারী অবশ্যই কোন তথ্য প্রদান, ডিসপ্লে, ডাউনলোড করতে অথবা পাঠাতে পারবেন না যেগুলো :

- কম্পিউটার সিস্টেম অথবা নেটওয়ার্ককে কোনভাবে নষ্ট করে দেয় - (ব্যবহারকারীর কোন প্রোগ্রাম পরিবর্তন করা বা মুছে ফেলা অথবা নিজের কোন প্রোগ্রাম ডাউনলোড করা উচিত না)
- সেয়ারওয়্যার বা ফ্রীওয়্যার ধরা হয়
- বেআইনী যার কারণ এটা কপিরাইট, ড্যাটা প্রটেকশন, ফ্রীডম অব ইনফরমেশন অ্যাক্ট অথবা অন্য কোন আইন ভঙ্গ করে
- অন্য কারো জন্য ক্ষতিকর
- বেআইনী কাজ/আচরণকে উৎসাহিত করে
- বেনামী/গোপন ধরনের কোন যোগাযোগ এর সাথে জড়িত

৭. **হাইল্যান্ড কাউন্সিল** ইন্টারনেট সুবিধাব্যবস্থার কোন নিশ্চয়তা দিতে অক্ষম এবং বিশেষ করে এর জন্য দায়বদ্ধ নয় :

- ব্যবহারকারী কোন ইন্টারনেট উৎস থেকে সে স্কাম পরামর্শ বা তথ্য পেয়ে থাকে সেগুলো এবং এর সঠিকতা ও গুণাগুণ সম্পর্কে, অথবা এ ধরনের পরামর্শ বা তথ্য এর অবলম্বন নেয়া বা গ্রহণ করার জন্য কোন ধরনের মূল্য দিতে হলে।
- ব্যবহারকারীকে তার ইন্টারনেট ব্যবহারের ধরনের জন্য কোন ধরনের মূল্য, জরিমানা অথবা ক্ষতিপূরণ দিতে হলে
- সার্ভিস ব্যাহত করার জন্য কোন জরিমানা বা মূল্য দিতে হলে
- আপনার নিজস্ব কোন ড্যাটা, ফাইল বা কোন তথ্য হারিয়ে গেলে বা বিলুপ্ত হলে

বাংলা (Bengali)